দৈনিক ইত্তেফাক

তারিখ ... 24 OCT 2017 ...
পৃষ্ঠা ... কলাম ...

# ঢাবি 'ঘ' ইউনিটের ভর্তি স্থগিত রাখার আহবান প্রগতিশীল ছাত্রজোটের

## আজ দুপুরে ক্যাম্পাসে বিক্ষোভ

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ আমলে নিয়ে যথাযথ তদন্ত করার দাবি জানিয়েছে প্রগতিশীল ছাত্র জোট। এসময় নেতৃবৃন্দ তদন্ত প্রতিবেদন প্রকাশের পূর্বে ভর্তি কার্যক্রম স্থগিত রাখারও আহবান জানান।

গতকাল সোমবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে এক সংবাদ সম্মেলনে এ দাবি জানান হয়। লিখিত বক্তব্য পাঠ করেন জোটের সমন্বয়ক ও সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের সভাপতি ইমরান হাবিব রুমন। তিনি বলেন, বিশ্ববিদ্যালয় প্রশাসন বলছে তদন্ত করা হচ্ছে, অথচ কাদের নিয়ে তদন্ত কমিটি করা হয়েছে, আদৌ করা হয়েছে কিনা সেটা নিয়ে পুরো জাতি অন্ধকারে আছে। তদন্ত ছাড়া ফল প্রকাশ না করতে বিশ্ববিদ্যালয় প্রশাসনকে অনুরোধ করেছিলাম। অথচ 'ঘ' ইউনিটে পরীক্ষার্থী অনেক বেশি থাকা সত্ত্বেও তড়িঘড়ি করে এর ফল প্রকাশ করা হয়েছে।

তিনি আরো বলেন, গত কয়েক বছরে পাবলিক পরীক্ষাগুলোতে প্রশ্নপত্র ফাঁস একটি মহামারী আকারে দেখা দিয়েছে। পুরো শিক্ষা ব্যবস্থাকে ধ্বংস করতে এই একটি বিষয়ই যথেষ্ট। জাতিকে মর্যাদাহীন ও দুর্নীতিগ্রস্ত হিসেবে পরিণত করা হচ্ছে। শিক্ষার্থীদের মধ্যে পড়াশোনার স্পৃহাকে ধ্বংস করে প্রশ্ন খোঁজার হীন মানসিকতা তৈরি হচ্ছে।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন ছাত্র ইউনিয়নের সাধারণ সম্পাদক লিটন নন্দী, সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের (মার্কসবাদী) সভাপতি নাঈমা খালেদ মনিকা, সাধারণ সম্পাদক স্নেহাদ্রী চক্রবর্তী, ছাত্র ফেডারেশনের সভাপতি গোলাম মোস্তফা, বিপ্লবী ছাত্র মৈত্রীর যুগ্ম আহবায়ক ইকবাল কবীর, ছাত্র ঐক্য ফোরামের সদস্য আর্নিকা তাসমীম প্রমুখ। এদিকে আজ দুপুরে জোটের পক্ষ থেকে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল বের করা হবে বলে জানা গেছে।